হরিণাকুণ্ডুতে বজ্রপাতে কৃষকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বজ্রপাতে বাবুল মন্ডল (৩৮) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে বারোটার দিকে উপজেলার নারায়নকান্দি গ্রামে এ ঘটনা ঘটে। তিনি ওই গ্রামের ইছাহক মন্ডলের ছেলে।

নিহতের স্বজনরা জানান, ঘটনার সময় তিনি মাঠে নিজ ধানক্ষেতের পরিচর্যা করছিলেন। সে সময় প্রচন্ড ঝড় বৃষ্টি শুরু হয়। এক পর্যায়ে তিনি বজ্রপাতে আহত হন। এ সময় তার পুরো শরীর আগুনে পুড়ে ক্ষতবিক্ষত হয়ে মাঠের ধানক্ষেতেই তার মৃত্যু হয়।

হরিণাকুণ্ডু থানার ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ বিষয়ে নিহতের পরিবারের পক্ষ থেকে থানায় একটি অপমৃত্যু মামলা করা হয়েছে।

গাংনীতে বেকারী ও ফার্মেসীতে ভোক্তা অধিকারের অভিযান ও জরিমানা

গাংনী উপজেলার বামন্দীতে মেসার্স ফাইভ স্টার ফার্মেসী ও মেসার্স এফ রহমান নামের একটি বেকারী কারখানায় অভিযান চালিয়ে ১০ হাজার টাকা করে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যদ্রব্য প্রস্তুত ও সংরক্ষণ এবং পণ্যের গায়ের উৎপাদন মেয়াদ না লেখার অভিযোগে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭. ৪৩ ধারায় বেকারীর মালিক প্রদীপ কুমার শাহাকে ১০ হাজার টাকা ও বিক্রয় নিশিদ্ধ ওষধের স্যাম্পল

বিক্রি ও মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকার অপরাধে একই আইনের ৩৭.৫১ ধারায় ফআভি স্টার ফার্মেসীর মালিক শরিফুল ইসলামকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ এই দুটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে এ জরিমানা করেন। এসময় তাদের স্বাস্থ্য বিধি ও আইন মেনে ব্যবসা পরিচালনা করার নির্দেশ দেন।

এসময় বিসিআইসি অনুমোদিত কয়েকটি সার ডিলার ও খুচরা ব্যবসায়ীর দোকানেও অভিযান চালান এ টিমটি।

এসময় কৃষি বিপনন জেলা কর্মকর্তা তারিকুল ইসলাম ও জেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তাজিমুল হকসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭ দুটি মামলা রেকর্ড

মেহেরপুর পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভভূক্ত ও নিয়মিত মামলায় ৭ আসামি গ্রেফতার হয়েছেন।

আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযান আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১, সিআর মামলায় ১, মুজিবনগর থানা পুলিশ ২ ও গাংনী থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ জনকে গ্রেফতার করেছেন।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। তিনটি থানার একাধিক

টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ছাগল চুরি করে পালানোর সময় তিন চোর আটক, ছাগল ও ইজিবাইক জব্দ

ছাগল চুরি পালানোর সময় ধরা পড়লো তিন ছাগল চোর। এসময় তাদের কাছ থেকে একটি ছাগল ও ইজিবাইক জব্দ করেছে পুলিশ।

গাংনী থানার ভবানীপুর পুলিশ ক্যাম্পের সামনে দিয়ে যাওয়ার সময় ভবানীপুর গ্রামের মধ্যে থেকে তাদের আটক করেন পুলিশ।
আটকরা হলেন কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার তারাগুনিয়া গ্রামের মন্ডলপাড়া এলাকার রাকিবুল ইসলামের ছেলে মামুন (২৪). তোফাজ্জেল হোসেনের ছেলে মো: রানা (২৫) ও আলম হোসেন মালিথার ছেলে সজল হোসেন (২৪)।

ছাগল চুরির অভিযোগ এনে এই তিন জনের বিরুদ্ধে এ উপজেলার বাওট গ্রামের আবুল কালাম আযাদ বাদী হয়ে দন্ডবিধির ৩৭৯ও ৪১১ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ৫, তারিখ ০৫/০৯/২০২২ ইং।

এ মামলায় তাদের আটক দেখিয়ে আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর আদালতে পাঠানো হয়েছে।
ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রাইহ্যান বলেন, একটি ইজিবাইকে করে ওই তিন যুবক একটি ছাগল নিয়ে যাওয়ার সময় টহল পুলিশের সামনে পড়ে। পুলিশের সন্দেহ হলে তাদের চ্যালেঞ্জ করা হয়। এসময় তারা পলানোর চেষ্টা করেন। এসময় তাদের তাড়া দিয়ে আটক করা হয়।

পরে খবর পেয়ে ছাগলের মালিক বাওট গ্রামের আবুল কালাম ছাগল সনাক্ত করে এবং তিনজনকে আসামি করে চুরির অপরাধ এনে একটি মামলা দায়ের

করেন।

দামুড়হুদার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সদস্যদের সংবাদ সম্মেলন

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লিমিটেডের সাবেক সভাপতি সরফরাজ ও সাধারণ সম্পাদক জাকির হোসেনের বিরুদ্ধে বর্তমান সভাপতি মিজানুর রহমান সাংবাদিক সম্মেলন করেন। তিনি বলেন সাবেক সভাপতি ও ম্যানাজার ১৪লাখ ৫৪হাজার ৮৮০ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। এছাড়াও নানা অনিয়মের অভিযোগ উঠেছে।

গতকাল (০৫/০৯/২২) বিকালে কুড়ুলগাছি সমিতির মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন সমিতির সভাপতি মিজানুর রহমান ।

লিখিত বক্তব্যে তিনি বলেন, সমিতির সাবেক সভাপতি ও ম্যানাজার জাকির তাদের ব্যক্তিগত স্বার্থ-চরিতার্থ করার জন্য সম্পূর্ণ নিজস্ব সিদ্ধান্তে সমিতির সকল কর্মকাণ্ড পরিচালনা করছেন। তিনি ভুয়া ভাউচারের মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন তারা।

সমিতির ঘরের ছাদ করা বাবদ ও ভুয়া ভাউছার করে তারা দুজনে প্রায় ১২ লাখ টাকা আস্তসাত করেন।যা অতিরিক্ত খরচ দেখানো হয়েছে।

সারা বাংলাদেশের মধ্যে সবচেয়ে বৃহৎ দামুড়হুদা কুড়ুলগাছি আদর্শ সমবায় সমিতি লিমিটেড। পরপর তিন বার সারা বাংলাদেশের সেরা সমিতির মর্যাদা পায় এবং গোল্ড মেডেল পায় গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্থানীয় মন্ত্রী ও সমবায় মন্ত্রী কাছ থেকে।

বর্তমান কমিটি বার নোটিশ দিয়া সত্ত্বেও তারা টাকা ফেরত দিতে অপরাগতা প্রকাশ করছে। এবিষয়ে সভাপতি মিজানুর বলেন, প্রয়োজনে আইনের আশ্রয় নিয়ে টাকা আদায় করতে চাই। তাই সাংবাদিক ভাইরা আপনারা সঠিক তথ্য পত্রিকায় তুলে ধরবেন।

বর্তমানে এই সমিতিতে মোট ১১টি গভীর নলকূপ আছে। গত ০৫/১১/২২ তারিখে আমরা দায়িত্ব ভার গ্রহনের পর ১০ মাসে সমিতির ৫৭লাখ টাকা ঋন পরিশোধ করে বর্তমানে সমিতির সাধারণ তহবিলে ১০লাখ টাকা আছে। কিন্তু গত কমিটির সভাপতি সরফরাজ ও ম্যানাজার জাকির তিন বছর দায়িত্বে থেকে মোট ৫৭ লাখ টাকা ঋণ দেখিয়ে গিয়েছে সমিতির সাবেক সভাপতি সরফরাজ এর বিরুদ্ধে।

সাত আওয়ামী লীগ নেতার মনোনয়নপত্র জমা

আগামী ১৭ অক্টোবর মেহেরপুরসহ দেশের ৬১টি জেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে ঘীরে সরগরম হয়ে উঠেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগের রাজনৈতিক অঙ্গন।

মেহেরপুর জেলা পরিষদের নির্বাচনে ইতোমধ্যে আওয়ামীলীগের দলীয় মনোনয়ন পেতে ৮ জন নেতা দৌড় ঝাপ শুরু করেছেন। একথা জানান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে দলীয় প্রার্থী হওয়ার লক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতির ধানমন্ডির ৩ নং কার্যালয় থেকে মনোনয়নপত্র উত্তোলন করেছেন মেহেরপুরের ৮ জন মনোনয়নপ্রত্যাশী।

তাঁরা হলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি জয়নাল আবেদীন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের বর্তমান প্রশাসক গোলাম রসুল, সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বোন ও জেলা আওয়ামী লীগের সদস্য শামীম আরা হিরা, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল মান্নান ওরফে ছোট মান্নান ও জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুবুল হক শান্তি।

ইতোমধ্যে দলীয় কার্যালয়ে মনোনয়ন জমা দিয়েছেন মেহেরপুর জেলা পরিষদের বর্তমান প্রশাসক গোলাম রসুল, সাবেক প্রশাসক অ্যাডভোকেট

মিয়াজান আলী, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি জয়নাল আবেদীন, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বোন ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা হীরা, জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুল মান্নান ওরফে ছোট মান্নান

বর্তমান প্রশাসক আলহাজ্ব গোলাম রসুল, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা হীরা ও সাবেক এমপি জয়নাল আবেদীন গতকাল সোমবার (৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী হওয়ার লক্ষ্যে দলীয় কার্যালয় মনোনয়নপত্র জমা দেন। এর আগে গত রবিবার মনোনয়নপত্র জমা দেন সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী ও আব্দুল মান্নান।

বাংলাদেশ আওয়ামীলীগের দলীয় সভা নেত্রীর ধানমিন্ডর ৩ নং অফিসে মনোনয়নপত্র জমা দিয়েছেন। এছাড়া বাকী দলীয় মনোনয়ন প্রত্যাশীরাও দু একদিনের মধ্যে মনোনয়নপত্র জমা দেবেন বলে আশা করা যাচ্ছে।

জানা গেছে, আগামী ১৭ অক্টোবর ভোট গ্রহণের দিন রেখে তফশিল ঘোষণা করা হয়। ১৫ সেপ্টেম্বর মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। ২৬ সেপ্টেম্বর প্রতীক বরাদ্দ দেয়া হবে। এবং ভোট হবে ইভিএম-এ।

আগামী ১৭ অক্টোবর মেহেরপুরসহ দেশের ৬১টি জেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এবারই প্রথম এসব জেলা পরিষদে ভোট নেওয়া হবে ইভিএমে। গত ২৩ আগষ্ট মঙ্গলবার বাংলাদেশ নির্বাচন কমিশন জেলা পরিষদের নির্বাচনী তফসিল ঘোষণা করেছেন।

আগামী ১৭ অক্টোবর সারা দেশের ন্যায় মেহেরপুর জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক রিটার্নিং অফিসার হিসেবে দায়ীত্ব পালন করবেন সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত ইভিএমের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

মুজিবনগরে প্রথম স্ত্রীর পর দ্বিতীয় স্ত্রী ও বিষপানে আত্মহত্যা

প্রথম স্ত্রী জোহুরা খাতুন বিষ বছর পূর্বে পারিবারিক কলহের জের ধরে বিষপান করে আত্মহত্যা করেন। এবার একই কারণে দ্বিতীয় স্ত্রী শাহিনুর খাতুনও (৫০) বিষপানে আত্মহত্যা করেছেন। শাহিনুর খাতুন মুজিবনগর উপজেলার ইসমাইল হোসেনের স্ত্রী।

আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) সকালের দিকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

গত ১ সেপ্টেম্বর) সকালের দিকে স্বামীর সাথে ঝগড়ার জের ধরে শাহিনুর খাতুন বিষপান করেন। তাকে পরিবারের লোকজন উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানেও তার অবস্থার অবনতি হলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে ৩ দিন চিকিৎসা নিয়ে গতকাল বাড়ি ফিরে আসেন। বিকালের দিকে আবারো অসুস্থ্য হয়ে পড়লে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে। চিকিৎসাধীন অবস্থায় আজ মঙ্গলবার সকালের দিকে মারা যান তিনি।

স্থানীয়রা জানান, ইসমাইল হোসেনের প্রথম স্ত্রী জোহুরা খাতুন দুই সন্তান ফেলে বিষ বছর পূর্বে বিষপান করে আত্মহত্যা করেন। এরপর দ্বিতীয় বিয়ে করেন শাহিনুরকে। শাহিনুর খাতুনেরও তিন সন্তান রয়েছে। স্বামী ইসমাইল হোসেনের সাথে ঝগড়ার জের ধরে সেও বিষপান করে আত্মহত্যা করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুরে জাতীয় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

সোমবার (৫ সেপ্টেম্বর)সকাল ১০ টার সময় ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ ওবায়দুল্লাহ সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব বিশ্বাস প্রমুখ।এসময় বিভিন্ন স্কুল কলেজ মাদ্রাসার প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকসহ বিভিন্ন পর্যায়ের লোকজন উপস্থিত ছিলেন।এর আগে সকালে জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা এবং শান্তির প্রতিক কবুতর উড়ানো হয়।

উদ্বোধনী দিনে ক্রীড়া প্রতিযোগিতার মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় এবং হ্যান্ডবল বালিকায় ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং বাড়ি বাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয় নিজ নিজ খেলায় জয় লাভ করেছে।

সোমবার সকালে অনুষ্ঠিত হ্যান্ডবল বালকে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়কে ও ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় আর আর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে।

একই মাঠে অনুষ্ঠিত হ্যান্ডবল বালিকায় ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় এবং বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয় গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে।

সবুজ খান হত্যার আসামি আটক, কাইচি উদ্ধার

সবুজ খান হত্যা ঘটনায় ৭ ঘন্টায় আসামিকে আটক করেছেন আইন শৃংখলা বাহিনী। সোমবার বিকালে পুলিশ, র্যাবের যৌথ অভিযানে কোটচাঁদপুর চৌগাছা সড়ক থেকে তাকে আটক করা হয়।

জানা যায়, সোমবার সকাল ৯ টার সময় কোটচাঁদপুর পৌর শহরের পুরাতন গরুর হাট এলাকায় সবুজ খানকে কাইচি দিয়ে আঘাত করে হত্যা করে। এ ঘটনার পর থেকে র্যাব পুলিশ এলাকায় যৌথ অভিযান পরিচালনা করেন।

সোমবার বিকালে আলম আত্মগোপনে থাকা জায়গা থেকে বের হয়ে পালানোর চেষ্টা করে।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে পৌর শহরের চৌগাছা সড়ক এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন। এ অভিযানে র্যাবের পক্ষে ছিলেন ঝিনাইদহ র্যাব ৬ এর ক্যাম্প কমান্ডার ইশতিয়াক আহম্মেদ ও সঙ্গীয় সদস্যরা।

এছাড়া কোটচাঁদপুর পক্ষে ছিলেন থানার উপপরিদর্শক হাসানুর রহমান, হারুন অর রশিদ সহউপপরিদর্শক আনিচুর রহমান সহ সঙ্গীয় সদস্যারা। র্যাব কমান্ডার বলেন,সকাল থেকে অভিযান চলমান ছিল। যা মাত্র ৭ ঘন্টার ব্যবধানে সফলতা এসেছে।
আলম হোসেন কোটচাঁদপুর সলেমানপুর দাসপাড়ার ঘড়ি ম্যাকার শামসুদ্দিনের ছেলে।

এ সময় আইন শৃংখলা বাহিনী হত্যা কান্ডে ব্যবহারিত কাইচিটি উদ্ধার করেন। তবে এ ঘটনায় থানায় এখানো পর্যন্ত মামলা হয়নি।

কুষ্টিয়ায় অস্ত্র মামলায় যুবকের কারাদণ্ড

কুষ্টিয়ায় অস্ত্র মামলায় জুয়েল হোসেন (৩১) নামের এক যুবকের দশ বছরের সশ্রম কারাদণ্ড হয়েছে।

সোমবার দুপুরের দিকে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

দন্ডপ্রাপ্ত আসামি জুয়েল হোসেন কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার চরপাড়া গ্রামের মৃত আলাউদ্দিন কসায়ের ছেলে।

কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের সরকার পক্ষের কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট অনুপ কুমার নন্দী রায় বিষয়টি নিশ্চিত করে জানান, ২০২১ সালের ২৭ জানুয়ারি রাত ১১টার দিকে দৌলতপুর উপজেলার চল্লিশপাড়া গ্রামের মাঠের মধ্যে বিজিবি সদস্যরা অভিযান চালিয়ে জুয়েল হোসেনকে একটি বিদেশি পিস্তল, চার রাউন্ড গুলি, দুটি ম্যাগজিনসহ আটক করে।

এ ঘটনায় তার বিরুদ্ধে অস্ত্র আইনে দৌলতপুর থানায় মামলা হয়। মামলার তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। এরপর আদালত এ মামলায় সাক্ষীর সাক্ষ্য প্রমাণ শেষে ৫ সেপ্টেম্বর রায় ঘোষণার দিন ধার্য করেন। নির্ধারিত ধার্য তারিখে আদালতের বিচারক মামলার আসামিকে এ দন্ডাদেশ প্রদান করেন